



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি শাহ সুলতান কলেজ, বগুড়া।

বিজ্ঞপ্তি নং- সশাসুক/বগ/২০২৪/-২২৫০

তারিখ : ০১/১০/২০২৪

জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্মারক নং-১০(২২৬)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/২০২৪/২৯৯৪, তারিখ: ২৩/০৯/২০২৪

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে অনার্স ১ম বর্ষ কোর্সে ২য় ও সর্বশেষ রিলিজ স্লিপের মেধা তালিকায় ভর্তি

উপর্যুক্ত সূত্র ও বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বগুড়া সরকারি শাহ সুলতান কলেজে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে অনার্স ১ম বর্ষ কোর্সে বিভিন্ন বিষয়ে ভর্তির জন্য ২য় ও সর্বশেষ রিলিজ স্লিপের মেধা তালিকায় নির্বাচিত শিক্ষার্থীগণকে নিম্নবর্ণিত ফি “রূপালী ব্যাংক শিওর ক্যাশ মোবাইল ব্যাংকিং”- অত্র কলেজের (GSSCBHN) ID-তে নিজের ভর্তির রোলের অনুকূলে প্রদত্ত Due Amount পরিশোধ করে Transaction ID পাওয়া যাবে। কলেজের ওয়েব সাইট www.govssc.edu.bd-তে প্রবেশ করে Online admission-এ ক্লিক করে প্রাপ্ত Transaction ID ও Admission Roll দিয়ে Verify করে কলেজ ভর্তি ফরম পূরণপূর্বক দুটি প্রিন্ট নিতে হবে এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.nu.ac.bd/admissions থেকে Admission Roll ও Pin number দিয়ে বিশ্ববিদ্যালয় ভর্তি ফরমের দুটি প্রিন্ট নিতে হবে। প্রিন্টকৃত দুটো ফরমের দুটো করে চারটি ফরমই মনোনীত বিভাগে প্রয়োজনীয় কাগজপত্র ও বিভাগীয় ফি সহ জমা দিবে।

উল্লেখ্য যে, ২য় ও সর্বশেষ রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছু শিক্ষার্থী ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে কোন শিক্ষা কার্যক্রমে ভর্তি হয়ে থাকলে তাকে অবশ্যই ০৮ অক্টোবর ২০২৪ তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে হবে। অন্যথায় দ্বৈত ভর্তির কারণে শিক্ষার্থীর ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে। এছাড়া ২য় ও সর্বশেষ রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছু শিক্ষার্থীদের বিষয় পরিবর্তন করার কোন সুযোগ থাকবে না।

ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য জানতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nu.ac.bd/admissions) থেকে ভর্তি গাইড লাইন দেখার জন্য বলা হলো।

২য় ও সর্বশেষ রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ ও এর প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহের শেষ তারিখ: ২০/১০/২০২৪।

২য় ও সর্বশেষ রিলিজ স্লিপের মেধা তালিকায় মনোনীত শিক্ষার্থীদের কলেজে ফরম জমাদানের তারিখ: ০১/১০/২০২৪ হতে ২১/১০/২০২৪ পর্যন্ত, সময়-সকাল ১০.০০টা হতে দুপুর ২.০০টা পর্যন্ত। (সরকারি ছুটির দিন ব্যতীত)

| ফিসের বিবরণ | বাংলা/ইংরেজী/অর্থনীতি/ রাষ্ট্রবিজ্ঞান/ইতিহাস/দর্শন/ব্যবস্থাপনা/হিসাববিজ্ঞান | পদার্থ/রসায়ন/গণিত/প্রাণবিদ্যা/উদ্ভিদ বদ্যা/ভূগোল ও পরিবেশ |
|--|--|---|
| বেতন (জুলাই-২০২৩ হতে জুন-২০২৪) ১২ মাস পর্যন্ত | ৩০০.০০ | ৩০০.০০ |
| ভর্তি ফিস | ২৫.০০ | ২৫.০০ |
| ছাত্র-সংসদ ফি | ২৫.০০ | ২৫.০০ |
| ধর্মীয় অনুষ্ঠান ফি (মুসলিম/হিন্দু) | ৩০.০০ | ৩০.০০ |
| সাহিত্য ও সংস্কৃতি ফি | ৫০.০০ | ৫০.০০ |
| বহিঃ ক্রীড়া ফি | ৫০.০০ | ৫০.০০ |
| অভ্যন্তরীণ ক্রীড়া ও কমনরুম ফি | ৪০.০০ | ৪০.০০ |
| ম্যাগাজিন | ৩০.০০ | ৩০.০০ |
| লাইব্রেরী ফি | ২৫.০০ | ২৫.০০ |
| ল্যাবরেটরী ফি | ০.০০ | ১০০.০০ |
| বাস/সাইকেল সেড ফি জুলাই ২০২৩- জুন ২০২৪ পর্যন্ত | ৫০০.০০ | ৫০০.০০ |
| পরিচয় পত্র ফি | ৩০.০০ | ৩০.০০ |
| রোভার স্কাউট ফি | ২৫.০০ | ২৫.০০ |
| বি. এন. সি. সি ফি | ৪০.০০ | ৪০.০০ |
| যুবরেড ক্রিসেন্ট ফি | ২০.০০ | ২০.০০ |
| দর্শিত্ব তহবিল ফি | ২০.০০ | ২০.০০ |
| চিকিৎসা ফি | ২০.০০ | ২০.০০ |
| মসজিদ/মন্দির | ৫০.০০ | ৫০.০০ |
| কলেজ উন্নয়ন ফি | ২০০.০০ | ২০০.০০ |
| নিরাপত্তা/নৈশপ্রহরী/অত্যাবশ্যকীয় কর্মচারী ফি | ৫০০.০০ | ৫০০.০০ |
| আইসিটি ফি | ২০.০০ | ২০.০০ |
| বিজ্ঞান ক্লাব | ২০.০০ | ২০.০০ |
| অধিভুক্তি ফি | ১০০.০০ | ১০০.০০ |
| ব্যবস্থাপনা ফি (ভর্তি-৫০.০০, রেজিস্ট্রেশন-৫০.০০) | ১০০.০০ | ১০০.০০ |
| বিবিধ | ১০০.০০ | ১০০.০০ |
| বিশ্ববিদ্যালয়ের ফি সমূহঃ | ০ | ০ |
| ক) রেজিস্ট্রেশন ফি (প্রতি পরীক্ষার্থী) | ৫০০.০০ | ৫০০.০০ |
| খ) ক্রীড়া ও সংস্কৃতি ফি | ৫০.০০ | ৫০.০০ |
| গ) বি. এন. সি. সি ফি | ৫.০০ | ৫.০০ |
| ঘ) রোভার স্কাউট ফি | ১০.০০ | ১০.০০ |
| বিভাগীয় সেমিনারঃ | ০.০০ | ০.০০ |
| সেমিনার ফি ৪ বর্ষঃ | ১৬০০.০০ | ২২০০.০০ |
| মোট= | ৪৪৮৫.০০ | ৫১৮৫.০০ |

প্রতিষ্ঠান
০১/১০/২০২৪
অধ্যক্ষ

০১/১০/২৪
(মোঃ আব্দুল করিম)
আহ্বায়ক

সরকারি শাহ সুলতান কলেজ, বগুড়া।

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে অনার্স ১ম বর্ষ ভর্তি কমিটি।
সরকারি শাহ সুলতান কলেজ, বগুড়া।

অধ্যক্ষ
সরকারি শাহ সুলতান কলেজ
প্রয়োজনীয় কাগজপত্র ও তথ্যঃ ০১/১০/২০২৪

- ১। A4 সাইজের সাদা কাগজে website থেকে প্রাপ্ত প্রিন্ট করা ২ কপি আবেদনপত্র (কলেজ কপি) ও একটি স্টুডেন্ট কপি। শীর্ষে মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
 - ২। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার মূল নম্বরপত্র ও পূর্বে কলেজ কর্তৃক প্রদানকৃত ভর্তি আবেদনের মূল অংশ।
 - ৩। কোটার সনদের মূল কপি
 - ৪। মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক পরীক্ষার নম্বরপত্রের ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি- ২টি সেট।
 - ৫। মাধ্যমিক পরীক্ষার সনদপত্রের ফটোকপি- ২ কপি।
 - ৬। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকের প্রশংসাপত্রের ফটোকপি- ২ কপি।
- বিতরণ: ১। উপাধ্যক্ষ, ২। সম্পাদক, শিক্ষক পরিষদ, ৩। আহ্বায়ক, অনার্স ১ম বর্ষ ভর্তি কমিটি, ৪। সকল অনার্স বিভাগ, ৫। প্রধান সহকারী, ৬। হিসাবরক্ষক, ৭। কলেজ ওয়েব সাইট, ৮। কলেজ নোটিশ বোর্ড, ৯। সংরক্ষণ নথি।